

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৭.১৯.১১৩

তারিখ: ২৪ চৈত্র ১৪২৫

০৭ এপ্রিল ২০১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

জনাব, দুর্লভ তালুকদার, মাঠসহকারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম এর বিরুদ্ধে তার দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নে দায়িত্ব পালনে অবহেলা, সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণ আদায়ে চরম অনীহা, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে উপজেলা সমন্বয়কারী কর্তৃক তাকে বেশ কয়েকবার কৈফিয়ত তলব করা হলেও তার আচরণ এবং কাজ না করার মানসিকতার কোন পরিবর্তন হয়নি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অদক্ষতার প্রমাণ। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

৩. এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



৭-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব দুর্লভ তালুকদার, মাঠসহকারী
হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৭.১৯.১১৩/১

তারিখ: ২৪ চৈত্র ১৪২৫

০৭ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, চট্টগ্রাম।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হাটহাজারী, চট্টগ্রাম।



৭-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক